

সিঙ্গে
৩৭

প্রেসিডেন্টকে লাল গালিচা সংবর্ধনা ও উস্টার সিটির চাবি উপহার আমেরিকা-বাংলাদেশ ছাত্র বিনিময় বৃত্তি চালু হচ্ছে

এলা ওহাইও

কৃষি এবং জলবায়ু পরিবর্তন বিষয়ে উচ্চতর শিক্ষা গ্রহণরত বাংলাদেশের ছাত্রছাত্রীরা আমেরিকায় আসতে পারবে এবং আমেরিকায় ছাত্রছাত্রীরা বাংলাদেশে যেতে পারবে- এমন একটি ছাত্র বিনিময় বৃত্তি চালুর ব্যাপারে সত্যাঞ্চলক আলোচনা হয়েছে। ওহাইও স্টেট ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ড. গর্ডন জি এবং বাংলাদেশের প্রেসিডেন্ট প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদের মধ্যে ১ নভেম্বর দুপুরে অনুষ্ঠিত বৈঠকে এ ব্যাপারে একটি সমঝোতা হয়েছে।

উল্লেখ্য, প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহমেদ ৩১ অক্টোবর সাতদিনের সফরে আমেরিকা এসেছেন। সফরের প্রথম দিন ১ নভেম্বর ওহাইও স্টেট ইউনিভার্সিটিতে জয়বায়ু পরিবর্তনের কি প্রভাব বাংলাদেশে পড়তে পারে এবং তা থেকে রক্ষার জন্য বাংলাদেশ কি কি পদক্ষেপ নিতে যাচ্ছে তা উপস্থাপন করেন। এছাড়া বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার ওপরও আলোকপাত করেন। দ্বাদশ শ্রেণী পর্যন্ত নারী শিক্ষা অবৈতনিক এবং কারিগরি শিক্ষার ব্যাপারে অধিক মনোযোগ তথা জাতীয় বাজেটে শিক্ষা খাতে বিপুল অর্থ বরাদ্দের কথাও প্রেসিডেন্ট তার বক্তব্যে উল্লেখ করেছেন। এরপরই প্রেসিডেন্টের সঙ্গে ওহাইওর স্টেট ইউনিভার্সিটি

প্রেসিডেন্টের বৈঠকে উল্লিখিত ছাত্র বিনিময় বৃত্তির আলোচনা হয়। এ সময় ওয়াশিংটনে বাংলাদেশের রত্নদূত হাম্মুন কবির সেখানে ছিলেন। পরে কলাম্বাস থেকে ৯০ মাইল দূরে ওহাইও স্টেটের উস্টার সিটিতে কৃষি গবেষণা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় উস্টার সিটি মেয়র জুডি মিটেন প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহমেদকে সিটির চাবি হস্তান্তর করেন এবং লাল গালিচা সংবর্ধনা জানান। ওহাইও স্টেট ইউনিভার্সিটির প্রেসিডেন্ট এবং বিজ্ঞানীরা জানিয়েছেন, বাংলাদেশের পরিবেশ বিপর্যয়ের যে আশঙ্কা করা হচ্ছে তা থেকে উত্তরণে কি করা যায় সে ব্যাপারে আগামী বছরের শুরুতে ঢাকায় একটি ওয়ার্কশপ করবে তারা। প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন এ প্রস্তাবকে সাদরে গ্রহণ করেছেন। তিনি বলেন, সবার সম্মিলিত উদ্যোগেই পরিবেশ বা জলবায়ু পরিবর্তনের ভয়াবহ পরিণতি থেকে মানব জাতিকে রক্ষা করতে হবে। বাংলাদেশ সময় শনিবার ভোরে প্রেসিডেন্ট ওহাইও স্টেট প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা এবং শনিবার সকালে বাংলাদেশি-আমেরিকান পেশাজীবীদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। সে সময়ও তিনি বাংলাদেশের জলবায়ু পরিবর্তনের ভয়াবহতা রোধে কি করা যায় তা নিয়ে মতবিনিময় করবেন।